

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

নং-১৪.০০.০০০০.০০৮.০৮.০৪৮.১৬.৩৮

তারিখঃ ০৪ মাঘ ১৪২৩/ ১৭ জানুয়ারি ২০১৭

প্রজ্ঞাপন

টেলিযোগাযোগ অধিদপ্তরের জিএম (ইঞ্জিঃ) প্রেষণে প্রধান কর্মাধ্যক্ষ (সংযুক্ত), বিটিসিএল, কেন্দ্রীয় কার্যালয়, জনাব অশোক কুমার মন্ডল এর আবেদনের প্রেক্ষিতে ভারতে তীর্থ স্থান (পুরী, দিঘা ও মায়াপুর) ভ্রমণের জন্য ২৩/০১/২০১৭ খ্রিঃ হতে ০৬/০২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ১৫ (পনের) দিন নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বহিঃ বাংলাদেশ গমন এবং ভ্রমণের অনুমতি প্রদান করা হল:-

- (ক) আলোচ্য ভ্রমণ সংশ্লিষ্ট যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগত ভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না;
- (খ) অনুমোদিত বহিঃ বাংলাদেশ ভ্রমণের সময় কোনক্রমেই বর্ধিত করা যাবে না;
- (গ) অনুমোদিত সময়ে বহিঃ বাংলাদেশ এ অবস্থানকালীন বেতন-ভাতাদি দেশীয় মুদ্রায় গ্রহণ করবেন;
- (ঘ) অনুমোদিত সময়ের মধ্যে তিনি দেশে ফিরে স্ব-পদে যোগদান করবেন।
- (ঙ) ভ্রমণশেষে তিনি যথারীতি ভ্রমণ কার্য সম্পাদনের স্বপক্ষে প্রতিবেদন দাখিল করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(নুসরাত আইরিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন নং- ৯৫১১০৪২


E-mail:company1@ptd.gov.bd

নং-১৪.০০.০০০০.০০৮.০৮.০৪৮.১৬.৩৮

তারিখঃ ০৪ মাঘ ১৪২৩/ ১৭ জানুয়ারি ২০১৭

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ঢাকা।
- ৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/বেনাপোল স্থল বন্দর, শার্শা, যশোর।
- ৬। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তার ও দূরালাপনী, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (প্রজ্ঞাপনটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জনাব অশোক কুমার মন্ডল, প্রধান কর্মাধ্যক্ষ (সংযুক্ত) কেন্দ্রীয় কার্যালয়, টেলিযোগাযোগ ভবন, বিটিসিএল, ঢাকা।



(নুসরাত আইরিন)

সিনিয়র সহকারী সচিব